করোনার দ্বিতীয় ঢেউ রুখতে মাস্ক পরুন : প্রধানমন্ত্রী

চেম্বার ডেস্ক:: দেশে মহামারি করোনাভাইরাসের সম্ভাব্য দ্বিতীয় ঢেউ মোকাবিলায় জনসমাগম স্থলে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার পাশাপাশি মাস্ক পরিধান আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সোমবার প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ভার্চুয়ালি অনুষ্টিত মন্ত্রিসভার বৈঠকে এ আহ্ববান জানান তিনি।

প্রধানমন্ত্রীর তার সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগ দিলেও মন্ত্রিসভার অপর সদ্যরা সচিবালয় থেকে যোগ দেন।

বৈঠকে শেষে সাংবাদিকদের ব্রিফ করেন মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম।

তিনি বলেন, ‘আমাদের সবার মাস্ক ব্যবহার করা উচিত… মাস্ক পরিধান না করে আসন্ন দুর্গাপূজাসহ প্রকাশ্য স্থান, সমাবেশ, মসজিদ এবং অন্যান্য উৎসবগুলোতে যাওয়া উচিত নয়।প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভা আশা করে, এটি (মাস্ক পরিধান) আরও কঠোর উপায়ে কার্যকর করা হবে।’

মন্ত্রিপরিষদ সচিব বলেন, প্রধানমন্ত্রী সকলকে মহামারি সম্পর্কে আরও সতর্ক হতে বলেছ্নে। করোনার দ্বিতীয় ঢেউ যদিও একটি অনিশ্চিত বিষয়, তারপরও মাস্কের ব্যাপক ব্যবহার সংক্রমণের ঝুঁকি হ্রাস করতে পারে।

মাস্কের ব্যবহার নিয়ে অনেকের মধ্যে এ বিষয়ে নমনীয়তা (রিলাক্স) দেখা যাচ্ছে উল্লেখ করে মন্ত্রিপরিষদ সচিব বলেন, ইতোমধ্যে ইসলামিক ফাউন্ডেশনকে ইমামদের মাধ্যমে মাস্ক ব্যবহারের ব্যাপারে সচেতনতা তৈরি করতে যোহর ও মাগরিবের নামাজের পরে ব্রিফ করতে বলা হয়েছে।

‘সবাই মাস্ক ব্যবহার করলে করোনাভাইরাসের সংক্রমণের হার

স্বয়ংক্রিয়ভাবে হ্রাস পাবে ,’ বলেন তিনি।